যায়যায়দিন

তারিখ 2 JUL 2013
পৃষ্ঠা ... কলাম ...

# ছাত্রদল নেতাদের ওপর নির্যাতনের প্রতিশোধ নেয়া হবে : রিজভী

যাযাদি রিপোর্ট

বিএনপির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করে বলেছেন, পুলিশ ছাত্রদল নেতা মাহবুবুল আলম ও আকিল মাহমুদকে রিমান্ডে নিয়ে নির্যাতন করে মিথ্যা জবানবন্দি আদায় করেছে। তিনি এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।

সোমবার দুপুর সাড়ে বারোটায় বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে রিজভী এ নিষ্ঠুর নির্যাতনের সঙ্গে যারা জড়িত তাদের বিরুদ্ধে প্রতিশোধ নেয়ারও হুমকি দেন।

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এমপির বাসায় গত ৯ জুনের ককটেল বিস্ফোরণের ঘটনায় রিমান্ডে থাকা ছাত্রদল নেতারা আদালতে দোষ স্বীকার করে জবানবন্দি দিয়েছেন রোববার। এরই প্রতিক্রিয়ায় এ সংবাদ সম্মেলন করেন রিজভী।

রিজভী বলেন, তথ্যমন্ত্রীর বাসায় ককটেল বিস্ফোরণ, ছাত্রনেতা আকিল ও মাহবুবের রিমান্ড আর পুলিশের যুগ্ম কমিশনার মনিরুল ইসলামের বক্তব্য-এসবই সরকারের সাজানো নাটক।

পেশাদারিত্ব বজায় রাখার আহ্বান জানিয়ে রিজভী পুলিশকে এ অত্যাচার-নির্যাতনের পথ থেকে ফিরে আসারও আহ্বান জানান। তিনি সরকারের ষড়যন্ত্রের সঙ্গে পুলিশ বাহিনীকে জড়িত না করারও আহ্বান জানান।